

সূত্র

প্রিন্ট: ০৬ আগস্ট ২০২৫, ১২:২৭ পিএম

শিক্ষাজ্ঞান

ইবি থেকেই প্রথম ছাত্রলীগ নিষিদ্ধের দাবি উঠেছিল: মাহমুদুর রহমান



ইবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ আগস্ট ২০২৫, ০৯:৫০ পিএম



দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান বলেছেন, ইসলামী বিশ্ববিদ্যালয় থেকেই প্রথম টেরোরিস্ট ছাত্রলীগ নিষিদ্ধের দাবি উঠেছিল। পরবর্তীতে সরকার এই সন্ত্রাসী সংগঠন ছাত্রলীগকে নিষিদ্ধ করেছে। আমি ইবির সব লড়াকু শিক্ষার্থীকে অভিনন্দন জানাই। জুলাই বিপ্লব বিশ্বের ইতিহাসে এক ঐতিহাসিক বিপ্লব, যেখানে বিপ্লবীরা সবাই নিরস্ত্র ছিলেন। তারা ফ্যাসিস্ট রাষ্ট্রের অমানবিক নৃশংসতাকে পরাজিত করে বাংলাদেশকে ফ্যাসিবাদমুক্ত করেছিলেন। এই বিপ্লব শুধু বাংলাদেশের মানুষকে মুক্ত করেনি, এদেশের সার্বভৌমত্বকে ফিরিয়ে এনেছিল।

মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) জুলাই বিপ্লবের প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম। এছাড়াও শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

মাহমুদুর রহমান বলেন, বিপ্লবের বিপদ দুটি দিক থেকে আসতে পারে, অভ্যন্তরীণ ও বহিঃশত্রু। অভ্যন্তরীণভাবে সমাজে ফ্যাসিবাদের দোসর ও ভারতীয় দালালদের অনুপ্রবেশ ঘটেছে, যারা বিপ্লব ব্যর্থ করতে চায়। এই বিপ্লবকে টিকিয়ে না রাখলে ইতিহাসে বিলীন হয়ে যাবে। বিপ্লবে ছাত্ররা নেতৃত্ব দিলেও সব শ্রেণির মানুষ এতে অংশগ্রহণ করেছে। তাই কেউ যেন এমন কিছু না করে যাতে এই বিপ্লব প্রশ্নবিদ্ধ হয়। বাংলাদেশকে আর কখনো ফ্যাসিবাদের বা দিল্লির উপনিবেশে পরিণত করা যাবে না।

তিনি আরও বলেন, এই সরকারের পক্ষে সব মৌলিক পরিবর্তন আনা সম্ভব নয়। নির্বাচিত সরকারের প্রতি পরামর্শ তারা যেন তরুণদের জন্য বাধ্যতামূলক সামরিক প্রশিক্ষণের ব্যবস্থা করে। বিপদের সময় তরুণের প্রশিক্ষিত শক্তিই হবে আমাদের প্রতিরক্ষা। তরুণদের মধ্যে আমি অসাধারণ পরিবর্তন দেখেছি। বিশেষ করে ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে এবং ইসলামী মূল্যবোধে তাদের দৃঢ়তা আমাকে আশাবাদী করেছে।

এর আগে বেলা সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন চত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে এসে আলোচনা সভায় মিলিত হয়। পরে অনুষ্ঠানে জুলাই-আগস্ট বিপ্লবের শহীদদের স্মরণে দোয়া, নীরবতা পালন ও বিপ্লবের ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

পরে জুলাই আন্দোলনের স্মৃতি নিয়ে শিক্ষক-শিক্ষার্থীদের লেখা সংবলিত বই ‘জুলাই স্মৃতিকথা’ উন্মোচন করা হয়। এছাড়াও জুলাই উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার দেওয়া হয়। সবশেষে ‘জুলাই সংগ্রহশালা’ উদ্বোধন করা হয়।